22/10/2000

দৈনিক ইত্তেফাক

তারিখ ............
পৃষ্ঠা ৩ কলাম ...৬...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষা বিলম্বিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০১-২০০২ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষা কর্তৃপক্ষের উদ্যোগের অভাবে

(১৪শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(৩য় পৃঃ পর)

বিলম্বিত হইতেছে। গত বছর নভেম্বর মাসে ২০০০-২০০১ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা হইয়াছিল। প্রতি বছর ডীনদের তত্ত্বাবধানে ৪টি ইউনিটের ভর্তি পরীক্ষা নেওয়া হয়। কিন্তু বর্তমান অনুষদগুলির ডীনদের মেয়াদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৭৩-এর অধ্যাদেশের ২৭ (৫) ধারা অনুযায়ী গত ৩০ জুন শেষ হইয়া গিয়াছে। ডীনরা বর্তমানে ভারপ্রাপ্ত হিসাবে দায়িত্ব পালন করিতেছেন। বর্তমান ডীনরা ভাবিতেছেন নির্বাচিত নূতন ডীনগণই ভর্তি পরীক্ষার কাজ করিবেন।

ইসলামী বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় ইতিমধ্যে ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করিয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি সূত্র জানাইয়াছে, ঈদ-উল-ফিতরের পর ভর্তি পরীক্ষার ফরম ছাড়িতে পারে। এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাসের হার কম হওয়ার কারণে ভর্তি পরীক্ষায় যোগ্যতা নম্বর গত বছরের তুলনায় কম হইতে পারে। ভিসি অধ্যাপক একে আজাদ চৌধুরী বলিয়াছেন, দুই-একদিনের মধ্যে তিনি ডীনদের সাথে বসিয়া ভর্তি পরীক্ষার বিষয়ে আলোচনা করিবেন। প্রশাসনিক জটিলতা না থাকায় আই বি এ ইনষ্টিটিউটের অধীনে বি বি এ পরীক্ষার ভর্তি ফরম আগামী ৩রা নভেম্বরে বিতরণ শুরু হইবে। লিখিত পরীক্ষা ৩০ নভেম্বর।